


- ১ -
ঢাকা ওয়াসা


বিষয়ঃ “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের শাড়ী ক্রয় বাবদ অগ্রিম ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা অনুমোদন করণ প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে আগামী ০৮ মার্চ, ২০২৪ তারিখে ঢাকা ওয়াসার পক্ষ হতে একটি অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে ঢাকা ওয়াসায় চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের শাড়ী প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা ওয়াসায় চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত কম/বেশি ৭০ (সত্তর) জন নারী কর্মকর্তা-কর্মচারীদের শাড়ী ক্রয়ের লক্ষ্যে সচিব, ঢাকা ওয়াসা এর নির্দেশনা অনুযায়ী প্রশাসন বিভাগ-১ এর উপসচিব, সি.এম বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাসহ নারী কর্মকর্তাগণ বিভিন্ন মার্কেটে গিয়ে শাড়ীর গুনগতমান, রং ও মূল্য যাচাই করেন। ঢাকা ওয়াসা এর সচিবসহ নারী কর্মকর্তাগণ শাড়ীর গুনগতমান, রং ও মূল্য যাচাই করে ৫,২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা মূল্যের জামদানি শাড়ী “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ৭০ (সত্তর) জন চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের প্রদানের জন্য সুপারিশ করেছেন। “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ৭০ (সত্তর) জন চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য জামদানি শাড়ী ক্রয় বাবদ মোট $(৭০ \times ৫,২০০) = ৩,৬৪,০০০/-$ (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা ব্যয় হবে।

০২। এমতাবস্থায়, “আন্তর্জাতিক নারী দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে কম/বেশি ৭০ (সত্তর) জন চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিং হিসেবে কর্মরত নারী কর্মকর্তা-কর্মচারীদের জামদানি শাড়ী ক্রয় বাবদ মোট $(৭০ \times ৫,২০০) = ৩,৬৪,০০০/-$ (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা অগ্রিম উপ-সচিব শ্রম ও কল্যাণ বিভাগের অনুকূলে সদয় অনুমোদন করা যেতে পারে। শাড়ী ক্রয় বাবদ ব্যয়কৃত টাকা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


০৩। উল্লেখ্য, শাড়ী ক্রয় বাবদ ব্যয়কৃত টাকার বিপরীতে কোনো ভ্যাট-ট্যাক্স আরোপ করা হলে তা হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা এর মাধ্যমে পরিশোধ করা যেতে পারে। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


০৬/২/২৪
এস এম রিয়াদ হোসেন
উপসচিব
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।


০৬/০২/২০২৪
সচিব
ঢাকা ওয়াসা।

DMD (AR & Admin)

MD Sir


০৬-০২-২৪

মোঃ আতিকুরজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।

০৬/২/২৪
প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।